**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩০ / ০২ জুলাই ২০২৩

# পরিপত্র

বিষয়ঃ **২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ।**

চলমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) চলতি ২০২৩-২৪ অর্থবছরে **পরিচালন বাজেটের আওতায়** নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের **সর্বোচ্চ ৭৫%**;
(২) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের **সর্বোচ্চ ৮০%**;
(৩) '৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অনাবাসিক ভবন', এবং '৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় **বন্ধ** থাকবে;
(৪) '৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান' ও '৪১১২১০৩-আকাশযান' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় **বন্ধ** থাকবে। তবে, ১০ বছরের অধিক পুরোনো মোটরযান প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে; এবং
(৫) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় **বন্ধ** থাকবে।

(খ) চলতি ২০২৩-২৪ অর্থবছরে **উন্নয়ন বাজেটের আওতায়** নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের **সর্বোচ্চ ৭৫%;**
(২) '৩২৪৩১০১-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের **সর্বোচ্চ ৮০%;**
(৩) সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') **বন্ধ** থাকবে; এবং
(৪) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

(গ) চলতি ২০২৩-২৪ অর্থবছরে **পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সকল প্রকার বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ বন্ধ** থাকবে। তবে অত্যাবশ্যকীয় বিবেচনায় নিম্নলিখিত উদ্দেশ্যে সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ করা যাবেঃ

(১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/বিশ্ববিদ্যালয়/দেশ কর্তৃক প্রদত্ত স্কলারশীপ/ফেলোশীপ-এর আওতায় বৈদেশিক অর্থায়নে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন;
(২) বিদেশী সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীর আমন্ত্রণে ও সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বৈদেশিক প্রশিক্ষণ; এবং
(৩) সরবরাহকারী/ঠিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের অর্থায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তাগণ কর্তৃক সেবা/পণ্যের গুনগত মান নিরীক্ষা/পরিদর্শন।

২। উপরের (ক) এবং (খ) অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুনঃউপযোজন করা যাবে না।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

২.৭.২০২৩

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
☏ ৯৫১৪১৪৬
ই-মেইলঃ anism321@finance.gov.bd

**বিতরণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা

৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা

৪. সিনিয়র সচিব/সচিব, ........................................, মন্ত্রণালয়/বিভাগ

৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ

৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা

৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

নম্বর- ২৬.০০.০০০০.০৯৬.২০.০০১.২৩- ১৯৩ তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ / ০৩ জুলাই ২০২৩

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরণ করা হলো।

(সুব্রত কুমার দে)
উপসচিব
ফোন: ৯৫৪৬৭১৬
Email: ds.budget@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিএফটিআই, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০৫। অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বাণিজ্য সংগঠন), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/এফটিএ/রপ্তানি/আইআইটি/ডিটিও/ডব্লিউটিও/ট্রেড সাপোর্ট মেজারস্), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
০৮। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
০৯। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
১০। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
১১। কো-অর্ডিনেটর, বিজনেস প্রমোশন কাউন্সিল, বিএফআইডিসি বিল্ডিং (৯ম তলা), ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা
১২। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
১৩। কমার্শিয়াল কাউন্সেলর/ প্রথম সচিব, বাংলাদেশ দূতাবাস (সকল মিশন)
১৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাণিজ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন (৩য় তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা
১৫। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), কাওরান বাজার, ঢাকা
১৬। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি), নীলক্ষেত, ঢাকা
১৭। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি), পদ্মা লাইফ টাওয়ার (৯ম তলা), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলা মটর. ঢাকা
১৮। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সংশ্লিষ্ট বক্সে আপলোড করার অনুরোধ জানান হল)**
১৯। হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর- ২৬.০০.০০০০.০৯৬.২০.০০১.২৩- ১৯৩ তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ / ০৩ জুলাই ২০২৩

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয় , বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।**

(সুব্রত কুমার দে)
উপসচিব